

## Qualifications, Experience required, and other Information for Recruitment

### Position: Security Guard

সিকিউরিটি গার্ড বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে নিরাপত্তা নিশ্চিত করা, প্রবেশ নিয়ন্ত্রণ, দর্শনার্থী ব্যবস্থাপনা এবং জরুরি পরিস্থিতিতে সহায়তা প্রদান করবেন।

**শিক্ষাগত যোগ্যতা:** ন্যূনতম এসএসসি বা সমমান / অষ্টম শ্রেণী পাস। অবসরপ্রাপ্ত সেনা/নৌ/বিমান বাহিনী/বিজিবি সদস্যদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেণী পাস।

**অভিজ্ঞতা :** ৬ মাস থেকে ১ বছরের অভিজ্ঞতা। অবসরপ্রাপ্ত সেনা/নৌ/বিমান বাহিনী/বিজিবি সদস্যদের অগ্রাধিকার দেওয়া হবে।

### **মূল দায়িত্বসমূহ**

- বিশ্ববিদ্যালয়ের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করা
- বিশ্ববিদ্যালয়ের সম্পদ রক্ষা করা, মালামালের সংরক্ষণ করা ও গেট পাশ নিয়ম অনুযায়ী প্রদান এবং অননুমোদিত প্রবেশ প্রতিরোধ করা
- ভিজিটর ও যানবাহন রেজিস্টার লিপিবদ্ধ, সংরক্ষণ ও যাচাই করা ও ক্যাম্পাসে যানবাহন চলাচল নিয়ন্ত্রণে সহায়তা করা
- শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও দর্শনার্থীদের প্রবেশ ও বহির্গমন নিয়ন্ত্রণ করা
- জরুরি পরিস্থিতিতে দ্রুত পদক্ষেপ গ্রহণ ও উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা। সন্দেহজনক কার্যকলাপ পর্যবেক্ষণ ও রিপোর্ট করা।
- যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত অন্যান্য যে কোন নির্দেশনা পালন ও বাস্তবায়ন করা

**অতিরিক্ত যোগ্যতা :** শারীরিকভাবে সুস্থ ও কর্মক্ষম ও জরুরি পরিস্থিতি মোকাবেলার সক্ষমতা।

**বয়স সীমা :** বয়স সীমা ২৫ থেকে ৪০ বছর। অবসরপ্রাপ্ত সেনা/নৌ/বিমান বাহিনী/বিজিবি সদস্যদের ক্ষেত্রে বয়স সীমা শিথিল যোগ্য।

**বেতন ও অন্যান্য সুবিধা :** বেতন: ১০,৪০০- ১৩, ৬৪৫ টাকা (অভিজ্ঞতা অনুযায়ী)। ওভারটাইম ভাতা, সাপ্তাহিক ছুটি, প্রভিডেন্ট ফান্ড, উৎসব ভাতা, ও বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুযায়ী অন্যান্য সুবিধা।

**আবেদনপত্র প্রাপ্তির ঠিকানা:** <https://www.easternuni.edu.bd/career>

**আবেদন প্রক্রিয়া:** আগ্রহী প্রার্থীদের ইস্টার্ন ইউনিভার্সিটির নির্ধারিত ফর্মে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদ, ভোটার আইডি কার্ড/ জন্মসনদ ও অভিজ্ঞতার সনদপত্রের (যদি থাকে) ফটোকপি এবং পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে।

### **আবেদনকারীর জন্য নির্দেশাবলী**

- আবেদনকারীদের থেকে শুধু বাছাই করা প্রার্থীদের লিখিত ও সাক্ষাৎকারের জন্য ডাকা হবে।
- বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফর্মে আবেদন না করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হতে পারে।
- খামের উপর পদের নাম "Security Guard" উল্লেখ করতে হবে।

### **আবেদনপত্র পাঠানোর ঠিকানা:**

- মানবসম্পদ বিভাগ,** ইস্টার্ন ইউনিভার্সিটি, আশুলিয়া মডেল টাউন, ঢাকা।
- এছাড়া ই-মেইলের মাধ্যমে নির্ধারিত ফর্মে আবেদনপত্র পাঠাতে পারবেন। ই-মেইল: [jobs@easternuni.edu.bd](mailto:jobs@easternuni.edu.bd)